শৈলকুপায় বৃষ্টির আশায় মাঠে নামাজ আদায়

প্রচন্ড খরতাপে পুড়ছে জনজীবন। রোদ আর গরমে অতিষ্ট হয়ে পড়েছে সাধারণ মানুষ। বৈশাখের অর্ধেক মাস পেরিয়ে গেলেও নেই বৃষ্টি। বৃষ্টির না হওয়ার কারণে নষ্ট হচ্ছে ফসল। নেমে গেছে পানির স্তর। দেখা দিয়েছে পানির তীব্র সংকট।

তাই বৃষ্টির আশায় ঝিনাইদহের শৈলকুপা উপজেলার উত্তর মির্জাপুর গ্রামের মাঠে বিশেষ নামাজ (সালাতুল ইস্তেখারা) আদায় করেছেন গ্রামবাসী।

মঙ্গলবার সকাল ৭ টার দিকে মির্জাপুর গ্রামের খোলা আকাশের নিচে ফাঁকা মাঠে নামাজ অনুষ্ঠিত হয়। নামাজ শেষে অনাবৃষ্টি থেকে মুক্তির জন্য বিশেষ মোনাজাত পরিচালনা করেন উত্তর মির্জাপুর জামে মসজিদের মাওলানা ইমাম মোহাম্মদ উল্লাহ।

এ বিষয়ে ইমাম মোহাম্মদ উল্লাহ বলেন, দীর্ঘদিন বৃষ্টি না হওয়ায় মানুষ পানির জন্য খুব বিপদে আছে। বৃষ্টি বা পানির জন্য আল্লাহ সালাতের মাধ্যমে চাইতে বলেছেন। আল্লাহর কাছে চাওয়া সুন্নাত। আর চাওয়াকে আরবিতে সালাতুল ইস্তেখারা বলা হয় অর্থাৎ পানির জন্য দোয়া করা।

এক চড়ে পদ হারালেন ইবি’র শিক্ষক

ক্যাম্পাসের গাছ থেকে আম পাড়ায় এক শিক্ষার্থীকে থাপ্পড় দেয়ার অভিযোগে কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) সহকারী প্রক্টর আরিফুল ইসলামকে তার দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হয়েছে।

গতকাল মঙ্গলবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শেখ আবদুস সালাম তাকে এ দায়িত্ব থেকে অব্যাহতি দেন।

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) আতাউর রহমান বলেন, বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রভাষক আরিফুল ইসলামকে সহকারী প্রক্টর পদ থেকে অব্যাহতি দিয়েছেন ভিসি স্যার ড. শেখ আবদুস সালাম। ভুক্তভোগী শিক্ষার্থীর লিখিত অভিযোগ ও প্রক্টরিয়াল বডির প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে তাকে অব্যাহতি দেয়া হয়।

প্রসঙ্গত, গত শুক্রবার (২৩ এপ্রিল) বিশ্ববিদ্যালয়ের হিসাববিজ্ঞান ও তথ্যপদ্ধতি বিভাগের মাস্টার্সের শিক্ষার্থী হাসান আলী তার স্ত্রীকে নিয়ে ক্যাম্পাসে ঘুরতে আসেন।

এসময় গাছ থেকে কয়েকটি আম পাড়ায় সেখানে উপস্থিত সহকারী প্রক্টর আরিফুল ইসলামের সঙ্গে ওই শিক্ষার্থীর কথা-কাটাকাটি হয়। একপর্যায়ে তিনি ওই শিক্ষার্থীকে চড় মারেন। পরে তাকে ও তার স্ত্রীকে আবাসিক হলে আটকে রেখে এক ঘণ্টা পর তাদের ছেড়ে দেয়া হয়।

এ ঘটনায় ভুক্তভোগী শিক্ষার্থী ওইদিন বিকেলে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর বরাবর লিখিত অভিযোগ দেন। অভিযোগপত্রে সহকারী প্রক্টর আরিফ কর্তৃক শারীরিক ও মানসিকভাবে লাঞ্ছনার বিষয়টি তুলে ধরে ধরেন। পরে অভিযোগ প্রতিবেদন আকারে উপাচার্যের কাছে প্রেরণ করা হলে উপাচার্য অভিযুক্ত সহকারী প্রক্টরকে দায়িত্ব থেকে অব্যাহতি দেন।

দ্বিতীয় ইনিংসের শুরুতেই ২ উইকেট নেই বাংলাদেশের

এবারও ব্যর্থ ওপেনার সাইফ হাসান। জাতীয় দলে সুযোগ পেয়ে নিজেকে মেলে ধরতে পারলেন না। প্রথম ইনিংসে রানের খাতা না খুলেই সাজঘরে ফেরেন এই ওপেনার।

আজ দ্বিতীয় ইনিংসে ৮ বল খেলে তার সংগ্রহ মাত্র ১ রান। বাংলাদেশের পক্ষে সাদা জার্সির দলের হয়ে এ পর্যন্ত ৩টি টেস্ট খেলে সাইফের রান মাত্র ২৪।

আজ দ্বিতীয় ইনিংসের চতুর্থ ওভারে লাকমালের লেন্থবল বুঝেই ওঠেননি সাইফ। তার ব্যাটে ছোঁয়া লেগে বল চলে যায় উইকেটরক্ষক ডিকভেলার গ্লাভসে।

সাইফের ব্যর্থতার পর ব্যর্থ হলেন প্রথম ইনিংসে সর্বোচ্চ স্কোরার নাজমুল হোসেন শান্তও। একওভার পরে লাকমালের জোড়া শিকারে পরিণত হন শান্ত। প্রথম ইনিংসে ১৬৬ রান করা এই ব্যাটসম্যান এবার রানের খাতাই খুলতে পারলেন না।

লাকমালের বলে বোল্ড হয়ে সাজঘরে ফিরলেন। শান্তর আউটের পর তামিমকে সঙ্গ দিতে মাঠে নেমেছেন অধিনায়ক মুমিনুল হক।

এ প্রতিবেদন লেখার সময় বাংলাদেশের সংগ্রহ ২ উইকেট হারিয়ে ২৭ রান। তামিম ২৯ বলে ২৬ রানে অপরাজিত। ৩ বাউন্ডারি আর ১ ছক্কার মারে এই রান করেছেন।

ইতালির ১৫ অঞ্চলকে হলুদ জোন ঘোষণা, খুলছে সব প্রতিষ্ঠান

ইতালিতে আগামীকাল সোমবার থেকে ১৫ অঞ্চলকে হলুদ জোন ঘোষণা করা হয়েছে। ফলে দেশটিতে চলাফেরা শিথিল হয়ে গেল। বার, রেস্টুরেন্ট, সিনেমা, থিয়েটারসহ সব প্রতিষ্ঠান স্বাস্থ্যবিধি মেনে চালাতে পারবে।

স্থানীয় সূত্রে জানা গেছে, সংক্রমণ আগের তুলনায় অনেক কমে এসেছে, তবে এখনও নিয়ন্ত্রণে আসেনি। এসব বিবেচনায় রেখে দেশটির সরকার ঝুঁকিপূর্ণ অঞ্চলকে পৃথক করে এ হলুদ জোন ঘোষণা ঘোষণা করা হয়েছে।

স্বাস্থ্যমন্ত্রী রোবেরতো স্পেরেন্সা ২৪ এপ্রিল এ তথ্য নিশ্চিত করেন। ইতালিতে এখনও দৈনিক গড়ে ১৫ হাজার আক্রান্ত এবং মৃত্যু গড়ে তিন শতাধিক।

সাধারণ মানুষের মধ্যে টিকা দেওয়া হচ্ছে পয়ষট্টি ঊর্ধ্বে

ব্যক্তিদের। নার্স, ডাক্তার ও প্রশাসনিক কর্মকর্তারা বয়স সীমার বাইরে। হলুদ জোনে ফিরে আসায় ইতালিয়ার প্রায় ৫ কোটি মানুষ বাইরে বের হতে পারবে, রেস্টুরেন্ট-বারে খেতে পারবেন, তবে কেউ রেস্টুরেন্টের ভেতরে বসতে পারবে না। সবাই রেস্টুরেন্ট ও বারের বাইরে টেবিলে বসে খেতে পারবে।

শুধু সিনেমা, থিয়েটারে চেয়ারে বসা যাবে। রাত ৯টার পর বন্ধ করতে হবে এসব প্রতিষ্ঠান, ১০টা থেকে কারফিউ।

এদিকে দেশটির স্বাস্থ্য বিশেষজ্ঞরা এ নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। তারা মনে করছেন, মানুষের মধ্যে যোগাযোগের সুযোগে এ ভাইরাসটি আবার আঘাত হানতে পারে।

অন্যদিকে ইংল্যান্ডে ভ্যাকসিনের কারণে নব্বই শতাংশ সংক্রমণ কমেছে, যা ইউরোপের জন্য অনুকরণীয়। ইতালি কঠিন পদক্ষেপ নেওয়ায় সংক্রমণের হার নিচে নেমে এসেছে। তবে তা উল্লেখযোগ্য মাত্রায় নয়।

হলুদ জোনের ১৫ অঞ্চলে যেতে আগের মত এখন আর প্রশাসনের কাছে কঠিন প্রশ্নের সম্মুখীন হতে হবেনা কাউকে। পাশাপাশি পর্যটকরাও নিরাপদে ভ্রমণ করতে পারবেন।

হলুদ জোনের আওতায় এসেছে- আব্রুজ্জো, ক্যাম্পানিয়া, এমিলিয়া- রোমানা, ফ্রিউলি ভেনিজিয়া গিউলিয়া, লাজিও, লিগুরিয়া, লম্বার্ডি, মোলিস, মার্কে,পাইডমন্ট, বলজানো,ট্রেন্টো, টুসনি, আম্বরিয়া এবং ভেনেটো।

তবে ইতালির দক্ষিণে সারদেনিয়ায় সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় এখনও সেটি লাল জোনেই থাকবে।

ঝিনাইদহে হত্যা মামলাকে পুঁজি করে চলছে চাঁদাবাজি ও লুটপাট,

বাড়ি ছাড়া ১৫ টি পরিবার

ঝিনাইদহ সদর উপজেলার পাকা গ্রামের অসহায় বিশারত আলী। ৩ প্রতিবন্ধী সন্তান নিয়ে জীর্ণশীর্ণ ঘরে বসবাস করে তার পরিবার। নিজে অন্যের জমিতে দিনমজুরের কাজ আর বাড়িতে প্রতিবন্ধী সন্তানদের সহযোগিতায় গরু লালন-পালন করে তার স্ত্রী। যা দিয়ে কোন রকম চলে তার সংসার।

গত ১৫ ফেব্রুয়ারি একই গ্রামের অন্যপাড়ায় মারামারিতে চিকিৎসাধীন অবস্থায় মারা যায় আহত ইমরান। এর পর ওই বাড়িসহ বেশকিছু বাড়িতে হামলা চালায় নিহতের পরিবার ও দলীয় সমর্থকরা। জানেন না কিছু, ছিল না ঘটনার সময়।

তারপরও প্রতিবন্ধীদের এই বাড়ি থেকে লুট করে নিয়ে যায় আড়াই লাখ টাকা দামের ৩ টি গরু। গরু না থাকায় শুন্য তার গোয়াল। চাঁদা নেওয়ার অভিযোগও রয়েছে তাদের বিরুদ্ধে। যারা চাঁদা দেয়নি তাদের উঠতে দেওয়া হচ্ছে না বাড়িতে বলেও রয়েছে অভিযোগ।

জানা যায়, গত ১৫ ফেব্রুয়ারি শালিসী বৈঠকে তর্কবিতর্কের একপর্যায়ে মারামারি। মারামারিতে আহত হয় পাকা গ্রামের আব্দুল মালেকের ছেলে ইমরান হোসেন। পরে চিকিৎসাধীন অবস্থায় ২ দিন পর ঢাকার একটি হাসপাতালে মারা যায় সে।

এ ঘটনায় থানায় মামলা হলে পুলিশ ৩ জন আসামীকেই গ্রেফতার করে। আসামী গ্রেফতার হলেও হত্যাকে পুঁজি করে অসহায় পরিবারদের বাড়ি-ঘর লুটপাট করা হচ্ছে। নিয়ে যাওয়া হচ্ছে গরু, ছাগল।

ভুক্তভোগি সেবেরা খাতুন ঘটনার বর্ননা দিতে গিয়ে কান্নায় ভেঙ্গে পড়েন। তিনি বলেন, আমার পাগল ছেলে-মেয়ে গরুর পুষে বড় করছে। একটি গরু গাভিন ছিল। আমরা কিছু জানিনে। আমাদের মত অসহায় পরিবারের গরুও নিয়ে গেল। আল্লাহ এর বিচার করবে।

একই গ্রামের আমিরুল ইসলাম বলেন, ইমরান মারা যাওয়ার পর তার পিতা আব্দুল মালেক বানিজ্য শুরু করেছে। আব্দুল মালেক একই এলাকার জুয়েল, মান্নান, আছালত, তকব্বার, সাব্দাল, সাঈদসহ তার সমর্থকরা অসহায়দের উপর নির্যাতন করছে। বাড়িতে উঠতে হলে তাদের মোটা অংকের টাকা চাঁদা দিতে হচ্ছে।

তাদের অত্যাচারে এখনও বাড়ি ছাড়া পাকা গ্রামের শফিউদ্দিন, আলেক, বাদশা, মজিদ, ফরিদ, ভুট্টোসহ বেশ কয়েকজন। এছাড়াও প্রায় ৫০ বিঘা জমি এখনও অনাবাদী রয়ে গেছে। আবাদ করতে দিচ্ছে না ওই পক্ষ।

চাঁদাবাজির বিষয়টি অস্বীকার করেন মুল অভিযুক্ত আব্দুল মালেক বলেন, মার্ডারের পর কিছু গরু-বাছুর আমাদের লোকজন নিয়ে আসছিল। সেই সময়ই পুলিশের মাধ্যমে ফেরত দেওয়া হয়েছে। চাঁদাবাজি করা হচেছ না। যারা বাড়িতে আসছেন না তারা বাড়িতে আসুক। তাদের কেউ কিছু বলবে না।

এ ব্যাপারে ঝিনাইদহের পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম বলেন, ইমরান হত্যার ঘটনায় হত্যা মামলা হলে আসামীদের গ্রেফতার করা হয়েছে। লুটপাট ও চাঁদাবাজির বিষয়ে কোন অভিযোগ আসেনি। অভিযোগ পেলে তদন্ত স্বাপেক্ষে ব্যবস্থা নেওয়া হবে।

করোনায় আরও ৮৮ জনের প্রাণহানি

গত ২৪ ঘণ্টায় করোনায় আক্রান্ত হয়ে দেশে আরও ৮৮ জনের মৃত্যু হয়েছে।এ নিয়ে মোট মৃত্যুর সংখ্যা ১০ হাজার ৮৬৯ জন।গত চব্বিশ ঘণ্টায় নতুন করে আক্রান্ত হয়েছেন ৩ হাজার ৬২৯ জন। এ নিয়ে মোট আক্রান্তের সংখ্যা সাত লাখ ৩৯ হাজার ৭০৩ জন।

শুক্রবার স্বাস্থ্য অধিদফতরের প্রেস বিজ্ঞপ্তি থেকে এ তথ্য জানা গেছে। শনাক্তের হার ১৪ শতাংশ আর মৃত্যুর হার ১ দশমিক ৪৭ শতাংশ।

১৯ এপ্রিল করোনায় একদিনে রেকর্ড ১১২ জনের মৃত্যুর কথা জানায় স্বাস্থ্য অধিদফতর। যা একদিনে সর্বোচ্চ। ২০ এপ্রিল ৯১ জন, ২১ এপ্রিল ৯৫ জন এবং বৃহস্পতিবার ৯৮ জনের মৃত্যু হয়।

গত বছরের ৮ মার্চ দেশে প্রথম করোনাভাইরাস শনাক্ত হয়। এর ১০ দিন পর ১৮ মার্চ দেশে এ ভাইরাসে আক্রান্ত প্রথম একজনের মৃত্যু হয়।

কার্বন নিঃসরণ হ্রাসে কর্মপরিকল্পনা প্রণয়নের তাগিদ

প্রধানমন্ত্রী শেখ হাসিনা কার্বন নিঃসরণের লক্ষ্যে অবিলম্বে এক উচ্চাভিলাষী কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য উন্নত দেশগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি ১.৫ ডিগ্রি সেলসিয়াসে রাখতে উন্নত দেশগুলোকে কার্বন নিঃসরণ হ্রাসে অবিলম্বে একটি উচ্চাভিলাষী কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।

গতকাল বৃহস্পতিবার মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন আয়োজিত ২২ এপ্রিল থেকে শুরু হওয়া দুই দিনব্যাপী জলবায়ু সম্মেলনে বাংলাদেশ প্রধানমন্ত্রী এক ভিডিও বার্তায় এ কথা বলেন। ৪০ জন বিশ্ব নেতা এতে অংশ নিচ্ছেন।

জলবায়ু ইস্যুগুলো সমাধানে সম্মিলিত প্রচেষ্টার প্রয়োজনীয়তার ওপর জোর দিয়ে শেখ হাসিনা বলেন, কভিড-১৯ মহামারি আমাদের শিখিয়ে গেল যে-শুধুমাত্র শক্তিশালী সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমেই বৈশ্বিক সংকট মোকাবেলা করা সম্ভব। ক্লাইমেট ভালনারেবল ফোরাম-সিভিএফ (ক্লাইমেট ভালনারেবল ফোরাম) এবং ভি২০ (ভালনারেবল টুয়েন্টি) এর সভাপতি হিসেবে বাংলাদেশের প্রধান লক্ষ্য হচ্ছে-জলবায়ু ঝুঁকিপূর্ণ দেশগুলোর স্বার্থ সমুন্নত রাখা।

তিনি আরো বলেন, গ্লোবাল সেন্টার অন অ্যাডাপটেশন-এর দক্ষিণ এশিয়ার আঞ্চলিক অফিস বাংলাদেশে। বাংলাদেশ স্থানীয়ভাবেই জলবায়ু পরিবর্তনের সাথে টেকসইভাবে খাপ খাওয়ানোর বিষয়টি প্রচার করছে। আর এ ব্যাপারে ‘সিওপি এর দায়িত্বশীল সদস্য রাষ্ট্র ও সিভিএফ এর চেয়ার হিসেবে আরো কিছু পরামর্শ দিতে চাই।

দ্বিতীয় পরামর্শ হিসেবে তিনি বলেন, ১০০ বিলিয়ন মার্কিন ডলার তহবিলের বার্ষিক লক্ষ্যমাত্রা নিশ্চিত করতে হবে, যা অভিযোজন ও প্রশমনের মধ্যে ৫০:৫০ ভারসাম্য বজায় রাখবে। এই তহবিলের মাধ্যমে জলবায়ু পরিবর্তনে ঝুঁকিপূর্ণ সম্প্রদায়গুলোর ক্ষয়-ক্ষতি পূরণে বিশেষ দৃষ্টি দেবে।’ প্রধানমন্ত্রীর তৃতীয় পরামর্শ হচ্ছে,

‘প্রধান অর্থনীতি, আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠান ও বেসরকারি খাতগুলোকে জলবায়ু পরিবর্তন মোকাবেলায় উদ্ভাবনের পাশাপাশি জলবায়ু অর্থায়নের জন্য বিশেষভাবে ছাড় দিতে হবে।

তিনি সর্বশেষ পরামর্শে বলেন, ‘সবুজ অর্থনীতি ও কার্বন প্রশমন প্রযুক্তিগুলোর উপর দৃষ্টি দিতে হবে। এ লক্ষ্যে দেশগুলোর মধ্যে প্রযুক্তির বিনিময় করতে হহবে।’
শীর্ষ সম্মেলনের আয়োজন ও এই আয়োজনে তাকে আমন্ত্রণ করায় শেখ হাসিনা প্রেসিডেন্ট বাইডেনকে ধন্যবাদ জানান।

প্রধানমন্ত্রী বলেন, প্যারিস জলবায়ু চুক্তিতে ফিরে আসায় বাংলাদেশ যুক্তরাষ্ট্রের আন্তরিক প্রশংসা করছে এবং বাংলাদেশ আন্তর্জাতিক সম্প্রদায়ের সাথে কাজ করতে ইচ্ছুক। জলবায়ু ঝুঁকিপূর্ণ ও সীমিত সম্পদের দেশ হওয়া সত্ত্বেও বাংলাদেশ অভিযোজন ও প্রশমনের ক্ষেত্রে বিশ্ব নেতৃত্ব হিসেবে আবির্ভূত হয়েছে।

এ প্রসঙ্গে তিনি আরো বলেন, প্রতি বছর আমরা আমাদের জিডিপির প্রায় ২.৫ শতাংশ বা প্রায় ৫ বিলিয়ন মার্কিন ডলার জলবায়ু পরিবর্তনজনিত দুর্যোগ মোকাবেলায় টেকসই জলবায়ু সহনশীল ব্যবস্থা গড়ে তুলতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণে ব্যয় করি। আমরা মিয়ানমার থেকে জোরপূর্বক বাস্তুচ্যূত প্রায় ১১ লাখ রোহিঙ্গাকে আশ্রয় দিয়েছি। এটা আমাদের প্রতিবেশকে অধিকতর ঝুঁকিপূর্ণ করে তুলেছে।

শেখ হাসিনা বলেন, আমাদের ন্যাশনালি ডিটারমাইন্ড কন্ট্রিবিউশন-এনডিসি বৃদ্ধিতে এবং জলবায়ুর পরিবর্তন সহনীয় টেকসই পদক্ষেপ গ্রহণে আমরা বিদ্যমান জ্বালানি, শিল্প ও পরিবহন খাতের পাশাপাশি নতুন খাত অন্তর্ভূক্ত করেছি। এভাবে আমরা কার্বন হ্রাসের পদক্ষেপ নিয়েছি। এছাড়াও ২০২১ সাল নাগাদ উচ্চাভিলাষী এনডিসি পেশের পরিকল্পনা আমাদের রয়েছে।

প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে ‘মুজিববর্ষ’ উদযাপন করছে। তিনি বলেন, ‘আমরা দেশব্যাপী ৩০ মিলিয়ন চারা রোপনের পরিকল্পনা করেছি এবং কম-কার্বনের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে ‘মুজিব ক্লাইমেট প্রোসপারিটি প্ল্যান’ প্রণয়নের পরিকল্পনা গ্রহণ করছি।

যে ৩৯ জন রাষ্ট্র ও সরকার প্রধানের শীর্ষ সম্মেলনে যোগ দেওয়ার কথা রয়েছে তাদের মধ্যে রয়েছেন-সৌদি বাদশাহ সালমান বিন আবদুল আজিজ আল সৌদ, রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন, চীনের

প্রেসিডেন্ট রাষ্ট্রপতি শি জিনপিং, জার্মান চ্যান্সেলর অ্যাঞ্জেলা মার্কেল, ফরাসি প্রেসিডেন্ট এমানুয়েল মাখোঁ, সংযুক্ত আরব আমিরাতের প্রেসিডেন্ট শেখ খলিফা বিন জায়েদ আল নাহিয়ান, আর্জেন্টিনার প্রেসিডেন্ট আলবার্তো ফার্নান্দেজ, তুর্কি প্রেসিডেন্ট রেসেপ তাইয়েপ এরদোগান, ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসন, কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো, ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, জাপানের প্রধানমন্ত্রী ইয়োশিহিদে সুগা, ইতালিয়ান প্রধানমন্ত্রী মারিও দ্রাঘি, অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী স্কট মরিসন, নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী মন্ত্রী জ্যাসিন্ডা আরডার্ন এবং স্পেনের প্রধানমন্ত্রী পেদ্রো সানচেজ। পাশাপাশি, ইউরোপীয় কাউন্সিল প্রেসিডেন্ট চার্লস মিশেলের ভার্চুয়ালি যোগদানের কথা রয়েছে। সূত্র- কালের কণ্ঠ

রোববার থেকে দোকানপাট ও শপিংমল খোলা

লকডাউনের মধ্যেও মানুষের জীবন-জীবিকার কথা বিবেচনায় রেখে স্বাস্থ্যবিধি মেনে আগামী রোববার থেকে দোকানপাট ও শপিংমল খোলা যাবে।

তবে সকাল ১০টায় খুলে বিকাল পাঁচটার মধ্যে বন্ধ করে দিতে হবে। শুক্রবার মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন সমন্বয় শাখার এক স্মারকে এমন তথ্য জানা গেছে। স্মারকে সই করেছেন উপসচিব রেজাউল করিম।

করোনার সংক্রমণ রোধে সরকারের পক্ষ থেকে দুই দফা সর্বাত্মক লকডাউন ঘোষণা করা হয়েছে। সর্বশেষ মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপনে সর্বাত্মক লকডাউন ২৮ এপ্রিল পর্যন্ত আরোপ করা হয়। এতে ব্যবসা প্রতিষ্ঠানসহ মানুষজনের চলাচলের প্রতি কঠোর বিধিনিষেধ আরোপ করা হয়।

চলমান লকডাউনের কারণে ঈদকেন্দ্রিক ব্যবসা নিয়ে দুশ্চিন্তায় আছেন ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায়ীরা। তারা স্বাস্থ্যবিধি মেনে দোকানপাট

ও বিপণিবিতান খুলে দেওয়ার দাবি জানিয়ে আসছেন। এমন পরিস্থিতিতে সরকার দোকানপাট ও শপিংমল খুলে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

এর আগে বাংলাদেশ দোকান মালিক সমিতির সভাপতি হেলাল উদ্দিন বলেন, আমরা প্রধানমন্ত্রীর কাছে আবেদন জানিয়েছি। আমরা মনে করি ক্ষুদ্র ব্যবসায়ীদের অভিভাবক হচ্ছেন প্রধানমন্ত্রী। সেই জন্য আমরা কখনো ওনার কাছে আবেদন করে খালি হাতে ফেরত আসিনি।

ব্যবসায়ীদের অবস্থা খুবই সংকটাপন্ন জানিয়ে তিনি বলেন, আমাদের চোখে মুখে শুধু বালুচর। আমাদের সব ইনভেস্টমেন্ট এখন নষ্ট হওয়ার পথে। সেই ক্ষেত্রে আমরা আশা করতেছি আগামী রোববার প্রধানমন্ত্রীর দপ্তর থেকে একটা সুসংবাদ পাব, যাতে আমরা সোমবার দোকাপাট খুলতে পারি।

দোকান ও শপিং মল খুলে দেওয়া হলে ব্যবসায়ীরা শতভাগ স্বাস্থ্যবিধি মেনে ব্যবসা করবে বলে মনে করছেন হেলাল উদ্দিন।

মেহেরপুরে করোনায় আরও এক জনের মৃত্যু, মোট ১৯

মেহেরপুরে প্রাণঘাতী করোনো ভাইরাসে আক্রান্ত হয়ে মহিরুল ইসলাম
(৬০) নামের আরও এক জনের মৃত্যু হয়েছে।

তিনি মেহেরপুর জেলার গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের বাসিন্দা। তিনি মেহেরপুর সরকারি হাসপাতালে করোনা ওয়ার্ডে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু বরণ করেন। এ নিয়ে জেলায় মৃত্যুর সংখ্যা দাড়ালো ১৯ জনে।

এ দিকে নতুন করে করোনায় আক্রান্ত হয়েছেন ১ জন। এ নিয়ে জেলায় মোট করোনা রোগী দাঁড়াল ১৪ মার্চ ২০২১ থেকে আজ পর্যন্ত আক্রান্তের সংখ্যা ১২৭ জন। এ পর্যন্ত সর্বমোট পজিটিভ ৮৯৭ টি।

আজ বৃহস্পতিবার সন্ধ্যায় মেহেরপুরের সিভিল সার্জন ডাঃ নাসির উদ্দিন জানান, ফলাফল এসেছে ০৯ টি। এর মধ্যে নতুন করে ১ জন করোনা

রোগী শনাক্ত হয়েছে। নমুনা পাঠানো হয়েছে ১৭ টি।

এ নিয়ে মেহেরপুর জেলায় বর্তমানে পজিটিভ কেইস এর সংখ্যা বর্তমানে পজিটিভ সংখ্যা ৩৮(সদরে- ১২, গাংনীতে- ১৭, মুজিবনগরে- ০৯) জন।

এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৬৬৩৪ টি। মৃত্যু- ১৯ জন (সদর- ৯, গাংনী- ৮, মুজিবনগর- ২), সুস্থ্য- ৭৭২ জন, ট্রান্সফার্ড- ৬৬ জন।
ভিন্নসূত্রে পাওয়া পজিটিভের পরিচয় মেহেরপুরের গোভিপুরের ফাতেমা (৬৬)।

সবাইকে সামাজিক দূরত্ব মেনে নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস বজায় রাখাসহ মাস্ক ব্যাবহার, জন সমাগম এড়িয়ে চলা এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার মেনে চলার আহবান জানিয়েছেন সিভিল সার্জন ডাঃ নাসির উদ্দিন।

বাংলাদেশের সংগ্রহ ৩ উইকেটে ৪১০ রান

রীতিমত স্বপ্নময় ব্যাটিং করছিলেন নাজমুল হোসেন শান্ত আর মুমিনুল হক। ম্যারাথন জুটি ভাঙার জন্য যারপরনাই চেষ্টা করে যাচ্ছিল লংকান বোলাররা।

তাতে কাজ হচ্ছিল না কোনো। প্রথম সেশনে ৭৬ রান যোগ করল এ জুটি।

১২৬ রান নিয়ে নামা শান্ত আজ ১৫০ ছাড়িয়ে গিয়েছিলেন মুমিনুলের সেঞ্চুরির পরই। টাইগার সমর্থকদের আশা ছিল, এবার মিশন ডাবল সেঞ্চুরি।

কিন্তু তা আর হলো না। আরও ১৩ রান যোগ করে থামল শান্তর ব্যাট। ১২৪তম ওভারে শান্তকে নিজের ফিরতি বলে ক্যাচে পরিণত করেন লাহির কুমারা।

২৪২ রানের জুটি ভাঙে। ৩৭৮ বল খেলে ১৬৩ রান করে আউট হলেন নাজমুল

হোসেন শান্ত। ক্যারিয়ারসেরা ইনিংস তার এটি। এর আগে তার সর্বোচ্চ ইনিংসটি ছিল ৭১ রানের, জিম্বাবুয়ের বিপক্ষে।

তিন অঙ্কের ম্যাজিক ফিগার ছুয়েছেন শান্ত প্রথম দিনেই। ৫০ ছুঁয়েছিলেন ১২০ বলে। সেঞ্চুরিতে পৌঁছতে লাগে ২৩৫ বল।

গতকাল তামিমের সমান ৯০ রানে পৌঁছেন ১৯৭ বলে। নার্ভাস নাইনটিতে পৌঁছে আরও সতর্ক হন। পরের ১০ রান করতে তার লাগে ৩৮ বল। ধনাঞ্জয়াকে চমৎকার কাভার ড্রাইভে চার মেরে নাজমুল পৌঁছে যান শতরানে। ২৮৮ বলে ১২৬ রানে অপরাজিত থেকে দিনশেষ করেন তিনি।

আজ দ্বিতীয় দিনে মুমিনুলের সঙ্গী হয়ে আরও যোগ করলেন ৩৭ রান। ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে সর্বশেষ টেস্ট সিরিজে তার ইনিংসগুলো ছিল-২৫, ০, ৪ ও ১১ রানের। ৬ টেস্ট শেষে গড় মাত্র ২১.৯০। ৭ম টেস্টের এক ইনিংসেই তিনি যোগ করলেন ১৬৩ রান। যা তার গড়কে অনেক বাড়িয়ে দিল।

শান্তর অনবদ্য ইনিংসের সমাপ্তির পর ব্যাট হাতে নেমেছেন মি. ডিপেন্ডেবল মুশফিকুর রহিম। জুটি বেঁধেছেন অধিনায়কের সঙ্গে।

ইতোমধ্যে ১৬ রান যোগ করেছে মুমিনুল-মুশফিক জুটি।

এ প্রতিবেদন লেখার সময় বাংলাদেশের সংগ্রহ ৩ উইকেটে ৪১০ রান। ২৮২ বল খেলে শান্ত ১১৯ রানে অপরাজিত মুমিনুল। অন্যপ্রান্তে ৩৪ বল মোকাবিলায় ১২ রান সংগ্রহ করেছেন মুশফিক।